“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২




**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫

"বিনোদনের মাধ্যমে শিক্ষা"

-

# বার্ষিক প্রতিবেদন
# ২০২১-২০২২


**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

*"বিনোদনের মাধ্যমে শিক্ষা"*

# বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২

প্রকাশকাল: সেপ্টেম্বর, ২০২২

### সম্পাদকমণ্ডলীর সভাপতি

**মোঃ আব্দুর রাজ্জাক**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

### সম্পাদকমণ্ডলী

- **নায়মা ইয়াসমীন**
  পরিচালক (চঃ দাঃ)
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
- **মোঃ শফিকুল ইসলাম সরকার**
  উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
- **রাশিদা হক**
  সায়েন্টিফিক অফিসার (সাধারণ)
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
- **গোলাম জাকারিয়া**
  সায়েন্টিফিক অফিসার (এস্ট্রোনমি)
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

### তথ্য প্রদানে সহায়তা

- **মোঃ এবাদাত হোসেন**
  সহকারী কিউরেটর
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
- **মোঃ সহিদুল ইসলাম**
  সহকারী কিউরেটর
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

### স্থিরচিত্র সংগ্রহে সহায়তা

- **কামরুল বারী**
  ভিডিও ক্যামেরাম্যান
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

### সম্পাদনায় সার্বিক সহায়তা

- **মোহাম্মদ মহি উদ্দিন**
  কম্পিউটার অপারেটর
  বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার


### কম্পোজ ও মুদ্রন:

জলসিঁড়ি প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২৬২, ফকিরাপুল, ঢাকা-১০০০।

### কৃতজ্ঞতা স্বীকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রচ্ছদ ও অঙ্গসজ্জা

সম্পাদকমণ্ডলী



### যোগাযোগের ঠিকানা

মহাপরিচালক
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ফোন: ৫৫০২৭৭৩৪, ৫৫০২৭৭৩৯, ৫৫০২৭৭৩৫
ওয়েবসাইট: www.novotheatre.gov.bd

“বিনোদনের মাধ্যমে শিক্ষা”



**মন্ত্রী**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ প্রতিবেদন থেকে ২০২১-২০২২ অর্থবছরে নভোথিয়েটারে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সম্যক ধারণা লাভ করা সম্ভব হবে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল একটি ক্ষুধা-দারিদ্রমুক্ত এবং সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়ার। তাঁর এ স্বপ্ন বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ এবং ২১০০ সালের মধ্যে বদ্বীপ পরিকল্পনা বাস্তবায়ন নিঃসন্দেহে জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে মাইলস্টোন হিসাবে কাজ করবে বলে আমার বিশ্বাস।

**পিতা দিয়ে গেল স্বাধীনতা**
**কন্যা দেখাল পথ**
**জ্ঞান বিজ্ঞান চর্চার মাঝে**
**দেশের ভবিষ্যৎ ।।**

বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষা কার্যক্রম এবং শিক্ষার্থীদের মহাকাশ বিষয়ে আগ্রহী করে তুলতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা নভোথিয়েটারের মূল লক্ষ্য। এ প্রতিষ্ঠানের উদ্দেশ্য হলো বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধারণা প্রোথিত করা এবং প্ল্যানেটেরিয়াম, থ্রি-ডি মুভি, টেলিস্কোপ, বিভিন্ন সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদির মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎসাহী করে তোলা। এসকল কর্মকান্ড দেশের মানবসম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ সামাজিক উন্নয়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখবে।

আমি এ প্রতিবেদন প্রকাশনার সঙ্গে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

**স্থপতি ইয়াফেস ওসমান**



**সিনিয়র সচিব**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বার্ষিক প্রতিবেদন একটি প্রতিষ্ঠানের বাৎসরিক কর্মকান্ডের দর্পণ হিসাবে কাজ করে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ২০২১-২০২২ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলির ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগের আমি প্রশংসা করছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর নেতৃত্বে ও লাখো শহীদের আত্মত্যাগে অর্জিত স্বাধীন বাংলাদেশকে ২০৪১ সালে উন্নত, সমৃদ্ধ দেশে উন্নীত করার লক্ষ্যে বঙ্গবন্ধু কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। জাতীয় উন্নয়নের এ অগ্রযাত্রায় ভবিষ্যৎ প্রজন্মকে বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষার কেন্দ্র হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। আঞ্চলিক বৈষম্য দূর করে দেশব্যাপী এ সেবা পৌঁছে দেয়ার প্রত্যয়ে প্রত্যেক বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপনের প্রকল্প হাতে নেয়া হয়েছে।

উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ এবং উল্লেখ্যযোগ্য অর্জনসমূহ প্রতিবেদনটিতে অন্তর্ভুক্তকরণের ফলে অগ্রিম কর্ম পরিকল্পনা গ্রহণের মাধ্যমে বাস্তবায়নাধীন নভোথিয়েটারসমূহের উন্নয়ন কার্যক্রমে প্রয়োজনীয় গতি সঞ্চার করা যাবে এবং উল্লেখ্যযোগ্য অর্জনসমূহ আরো বিস্তৃত পরিসরে উন্মোচিত হবে।

এ প্রতিবেদন সংকলন ও প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**জিয়াউল হাসান** এনডিসি

*"বিনোদনের মাধ্যমে শিক্ষা"*



**মহাপরিচালক**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

বার্ষিক প্রতিবেদন যে কোন প্রতিষ্ঠানের সারা বছরের কার্যক্রমের মূল্যায়ন। এ লক্ষ্যেই নভোথিয়েটারের সাংগঠনিক কাঠামো, কার্যপরিধি, কর্মবিন্যাস এবং ২০২১-২০২২ অর্থ বছরে সম্পাদিত কার্যাবলি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে ধারণা প্রদানের জন্য বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্রমুক্ত উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার। উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে বিজ্ঞান শিক্ষার বিকল্প নেই। তাই জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহাকাশসহ বিজ্ঞান বিষয়ে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে ২০০০ সালে ঢাকার বিজয় সরণিতে নভোথিয়েটারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীদের বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করাই হল নভোথিয়েটারের ভিশন। বিজ্ঞান মনস্ক জাতি গঠনে নভোথিয়েটারকে বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষার উৎকর্ষতার কেন্দ্র হিসাবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত আছে। দেশের সকল অঞ্চলের শিক্ষার্থীদের জন্য বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষার সমান সুযোগ সৃষ্টির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনায় প্রতিটি বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপনের কাজ এগিয়ে চলেছে।

এ প্রতিবেদনটিতে নভোথিয়েটারের গঠন কাঠামো, কার্যপরিধি ও কর্মবিন্যাসের তথ্যসন্নিবেশ করা হয়েছে। উপরন্তু নভোথিয়েটারের উদ্যোগে ২০২১-২০২২ অর্থ বছরে আয়োজিত বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্ঠান, কার্যাবলি, উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ এবং উল্লেখ্যযোগ্য অর্জনসমূহ প্রতিবেদনটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। আশা করা যায় যে, প্রতিবেদনটি নভোথিয়েটারের কর্মচারীদের বিগত সময়ে সম্পাদিত কাজের মূল্যায়ন এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে অনুপ্রানিত করবে।

এ প্রতিবেদনটি সংকলন ও প্রকাশনার কাজে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।


**মোঃ আব্দুর রাজ্জাক**

# সূচিপত্র


| শিরোনাম | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| **অধ্যায়-০১**<br>**নভোথিয়েটারের পরিচিতি** | | ৯-১১ |
| পটভূমি | | ৯ |
| ভিশন ও মিশন | | ৯ |
| নভোথিয়েটারের কার্যাবলি | | ৯ |
| পরিচালনা বোর্ড | | ১০ |
| কারিগরি বিশেষজ্ঞ কমিটি | | ১০ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সার্বিক চিত্র | | ১১ |
| **অধ্যায়-০২**<br>**সাংগঠনিক কাঠামো, জনবল ও শাখার তথ্য** | | ১২-১৫ |
| সাংগঠনিক কাঠামো ও জনবল | | ১২ |
| অর্গানোগ্রাম, আইন ও প্রবিধানমালা | | ১২ |
| নভোথিয়েটারের বিভিন্ন শাখার তথ্য | | ১৩ |
| i) | প্রশাসন শাখা | ১৩ |
| ii) | জনসংযোগ শাখা | ১৩ |
| iii) | অর্থ ও হিসাব শাখা | ১৩ |
| iv) | এয়ারকন্ডিশনিং শাখা | ১৩ |
| v) | ইলেকট্রিক্যাল শাখা | ১৪ |
| vi) | গবেষণা শাখা | ১৪ |
| vii) | প্রদর্শনী পরিচালনা শাখা | ১৫ |
| **অধ্যায়-০৩**<br>**নভোথিয়েটারের প্রদর্শনীসমূহ** | | ১৫-১৯ |
| ক) ''জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামে তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকার উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম'' | | ১৫ |
| খ) মহাকাশ বিষয়ক প্রদর্শনীসমূহ | | ১৫ |
| i) | Mission to the Black Hole | ১৬ |
| ii) | Goodnight Goldilocks | ১৬ |
| iii) | Journey to the Stars | ১৭ |
| iv) | Dawn of the Space Age | ১৭ |
| v) | Symphony of the Starry Sky | ১৮ |
| vi) | The Sun, Our Living Star | ১৮ |
| vii) | Two small pieces of glass: The Amazing Telescope | ১৯ |
| গ) বঙ্গবন্ধু কর্নার | | ১৯ |

| শিরোনাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| ঘ) 5D মুভি থিয়েটার | ২১ |
| ঙ) শেখ রাসেল এক্সিবিটস গ্যালারি | ২১-২৭ |
| চ) শেখ রাসেল কর্নার | ২৭ |
| ছ) ভার্চুয়াল রিয়েলিটি (VR) গেম | ২৯ |
| জ) টেরাকোটা ম্যুরাল | ২৯ |
| ঝ) সায়েন্টিফিক লাইব্রেরি | ৩০ |
| ঞ) ৮টি গ্রহের তথ্যসহ মডেল | ৩০ |
| ট) নভোপার্ক | ৩১ |
| ঠ) পরমাণু শক্তি তথ্য কেন্দ্র | ৩১ |
| ড) নভোথিয়েটারের প্রদর্শনীর সময়সূচি | ৩২ |
| **অধ্যায়-০৪**<br>**নভোথিয়েটারের অর্জনসমূহ ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা** | ৩৩-৩৯ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের উল্লেখযোগ্য অর্জনসমূহ | ৩৩ |
| ভবিষ্যৎ কর্মপরিকল্পনা | ৩৪ |
| বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপন প্রকল্প | ৩৫-৩৯ |
| **অধ্যায়-০৫**<br>**নভোথিয়েটারের অন্যান্য সেবাসমূহ** | ৪০-৪৪ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সিটিজেন্স চার্টার | ৪০ |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ওয়েবপোর্টাল | ৪১ |
| নভোথিয়েটারের ই-টিকেটিং সেবা | ৪১ |
| PMIS ও IAMS | ৪২ |
| নভোথিয়েটারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | ৪২ |
| নভো ক্যাফেটেরিয়া | ৪২ |
| পার্কিং ব্যবস্থা | ৪৩ |
| শিক্ষার্থীদের BRTC বাসের মাধ্যমে আনা-নেয়ার সুবিধা | ৪৩ |
| নভোথিয়েটারের বিভিন্ন স্থাপনার ভাড়া সংক্রান্ত তথ্য | ৪৩ |
| নভোথিয়েটারের আয়-ব্যয় সংক্রান্ত তথ্য | ৪৪ |
| **অধ্যায়-০৬**<br>**স্মৃতির পাতা** | ৪৫-৬৪ |

## মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের বিভাগীয় শহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের সার্বিক চিত্র



# অধ্যায়-০১
# নভোথিয়েটারের পরিচিতি

## পটভূমি

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে ১৯৯৬ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দেশে প্লানেটেরিয়াম প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। ১৩ মার্চ ১৯৯৭ তারিখ অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর সভায় ঢাকার বিজয় সরণি এলাকায় ৫.৪৬ একর জমির ওপর ১২৩ কোটি টাকা ব্যয়ে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং ০৯ ফেব্রুয়ারি, ২০০০ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার"-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রকল্পটি ৩০ জুন, ২০০৪ তারিখ বাস্তবায়িত হয়। ১৮ মার্চ, ২০১০ তারিখ "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন-২০১০" মহান জাতীয় সংসদে পাস হয় এবং উক্ত আইনের আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে স্বীকৃতি লাভ করে।

## ভিশন

মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা।

## মিশন

বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধারণা প্রোথিত করা এবং প্লানেটেরিয়াম, থ্রি-ডি মুভি, টেলিস্কোপ, বিভিন্ন সায়েন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস প্রদর্শনী, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদির মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎসাহী করে তোলা।

## নভোথিয়েটারের কার্যাবলি

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্রধান প্রধান কার্যসমূহ নিম্নরূপ:**

(ক) মহাকাশ বিষয়ক প্রদর্শনী পরিচালনা, প্রদর্শনীর যন্ত্রপাতি সুষ্ঠু ও নিয়মিত রক্ষণাবেক্ষণ করা;

(খ) মহাকাশ বিষয়ক গবেষণার মাধ্যমে নভোথিয়েটারকে Centre of Excellence এ পরিণত করা;

(গ) বিভিন্ন সায়েন্টিফিক এক্সিবিটস এর বৈজ্ঞানিক দিকসমূহ জনগণের কাছে সহজবোধ্যভাবে উপস্থাপন এবং তাহাদের বিজ্ঞান শিক্ষায় আগ্রহী করা;

(ঘ) Astrovision show এবং Film আধুনিকায়ন, পরিবর্তন ও যুগোপযোগী করা;

(ঙ) জ্যোতির্বিজ্ঞানের নূতন নূতন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ করা এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করিয়া দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিত করা;

(চ) সায়েন্টিফিক লাইব্রেরী স্থাপন করিয়া জ্যোতির্বিজ্ঞান বিষয়ক বিভিন্ন তথ্য ও চিত্র, সাময়িকী, বই-পুস্তক সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা;

(ছ) নভোথিয়েটারের যাবতীয় কর্মকান্ড সম্পর্কে পত্র-পত্রিকা, রেডিও, টেলিভিশন অন্যান্য মিডিয়ার মাধ্যমে জনগণকে অবহিত ও আকৃষ্ট করা এবং ব্রশিউর (Brochure), লিফলেট ও বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা;

(জ) স্পেস রাইড সিমুলেটর, থ্রি-ডি মুভি এবং অন্যান্য অত্যাধুনিক যন্ত্রপাতি বা সরঞ্জামের মাধ্যমে বিজ্ঞান ভিত্তিক ও জ্ঞান বিকাশে সহায়ক সুস্থ বিনোদনের ব্যবস্থা করা;

(ঝ) নভোথিয়েটার উহার কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশী ও বিদেশী যে কোন প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন করা;

(ঞ) উপরে বর্ণিত কার্যাদির সম্পূরক ও প্রাসঙ্গিক অন্যান্য কার্য সম্পাদন;

(ট) সরকার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব সম্পাদন করা।

## পরিচালনা বোর্ড

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন ২০১০ এর ৬ ধারা অনুযায়ী নভোথিয়েটার পরিচালনার জন্য ১৩ (তের) সদস্য বিশিষ্ট একটি পরিচালনা বোর্ড আছে। বর্তমান পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যগণ:

| | | |
|---|---|---|
| ১. | জিয়াউল হাসান এনডিসি, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। | -সভাপতি |
| ২. | মোঃ তৌহিদ হাসানাত খান, অতিরিক্ত সচিব (বিপ্র)/ উইং প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। | -সদস্য |
| ৩. | রণজিৎ কুমার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা। | -সদস্য |
| ৪. | ড. খায়েরুজ্জামান মজুমদার, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | -সদস্য |
| ৫. | মোঃ আঃ রাজ্জাক সরকার, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। | -সদস্য |
| ৬. | মোঃ আব্দুস সামাদ, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান, ঢাকা। | -সদস্য |
| ৭. | ড. মোঃ আজিজুল হক, চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা। | -সদস্য |
| ৮. | ডঃ আফতাব আলী শেখ, অধ্যাপক, চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ। | -সদস্য |
| ৯. | ড. সুলতানা শফি, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | -সদস্য |
| ১০. | ড. সুব্রত কুমার আদিত্য, অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | -সদস্য |
| ১১. | ড. কাজী আজিজুল মাওলা, অধ্যাপক, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। | -সদস্য |
| ১২. | ড. মুহম্মদ আনিসুজ্জামান তালুকদার, অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। | -সদস্য |
| ১৩. | মোঃ আব্দুর রাজ্জাক, মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। | -সদস্য সচিব |

## কারিগরি বিশেষজ্ঞ কমিটি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কারিগরি বিষয়ে মতামত প্রদানের জন্য ৭ সদস্য বিশিষ্ট কারিগরি বিশেষজ্ঞ কমিটি রয়েছে। বর্তমান কারিগরি বিশেষজ্ঞ কমিটির সম্মানিত সদস্যগণ:

| | | |
|---|---|---|
| ১. | ড. সুব্রত কুমার আদিত্য, অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | -সভাপতি |
| ২. | ড. আবদুস ছাত্তার, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | -সদস্য |
| ৩. | ড. এস.এম. মাহবুবুর রহমান, অধ্যাপক, তড়িৎ ইলেকট্রনিক কৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা। | -সদস্য |
| ৪. | প্রকৌশলী মোঃ আশরাফুল ইসলাম, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা। | -সদস্য |
| ৫. | সমীরন মিস্ত্রী, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৭, শেরেবাংলা নগর, ঢাকা। | -সদস্য |
| ৬. | নায়মা ইয়াসমীন, পরিচালক (চঃ দাঃ), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। | -সদস্য সচিব |
| ৭. | মুমীত আহমেদ, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার। | -সদস্য |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সার্বিক চিত্র

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ৫তলাবিশিষ্ট মূল ভবনসহ প্রায় ২০ হাজার বর্গমিটার স্থান রয়েছে। এখানে অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি ২৭৫ আসনবিশিষ্ট প্লানেটেরিয়াম হল, ৪০ আসনবিশিষ্ট 5D মুভি থিয়েটার, ৩৩টি সায়েন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস নিয়ে গঠিত শেখ রাসেল এক্সিবিটস গ্যালারী, ভার্চুয়াল রিয়েলিটি (VR) গেম, স্মার্ট স্টেপ গেম,আধুনিক সুযোগ-সুবিধাসম্বলিত ১৫০ সিটের অডিটোরিয়াম ও ৫০ সিটের কনফারেন্স রুম, ৬৬টি গাড়ি পার্কিং এর সুব্যবস্থা রয়েছে। নভোথিয়েটারে মুজিব বর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে। সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দুর্লভ ছবি, ভিডিও,তাঁকে নিয়ে রচিত বই, মহান মুক্তিযুদ্ধ ও ইতিহাস সম্পর্কিত বিভিন্ন বইয়ের সংগ্রহ রয়েছে। এছাড়াও নভোথিয়েটারে জ্যোতির্বিজ্ঞান ও বিজ্ঞান ভিত্তিক বিভিন্ন বই-পুস্তক সম্বলিত একটি সায়েন্টিফিক লাইব্রেরী রয়েছে। এখানে পরমাণু শক্তি তথ্য কেন্দ্র রয়েছে যার মাধ্যমে পারমাণবিক বিদ্যুৎ বিষয়ে জনসচেতনা সৃষ্টি, শিক্ষার্থীদের মাঝে পরমাণু বিজ্ঞান শিক্ষা সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং পারমাণবিক বিদ্যুৎ বিষয়ে নাগরিক ও শিক্ষার্থীদের অহেতুক ভীতি দূরীকরণ ও সঠিক ধারণা প্রদান করা হয়। উদ্বোধনের পর থেকে নিয়মিতভাবে সপ্তাহে ছয় (০৬) দিন নভোথিয়েটারে বিভিন্ন প্রদর্শনী প্রদর্শন করা হচ্ছে।



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার


# অধ্যায়-০২

# সাংগঠনিক কাঠামো, জনবল ও শাখার তথ্য

## সাংগঠনিক কাঠামো ও জনবল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে অনুমোদিত ৬৮টি পদের মধ্যে বর্তমানে একজন মহাপরিচালকসহ ৫৫ জন কর্মকর্তা-কর্মচারি কর্মরত আছে।

### (ক) অর্গানোগ্রাম




### (খ) আইন ও প্রবিধানমালা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইনের দ্বারা গঠিত একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং এর নিজস্ব একটি চাকুরি প্রবিধানমালা রয়েছে।

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন, ২০১০

২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১১

## নভোথিয়েটারের বিভিন্ন শাখার তথ্য

নভোথিয়েটারে মহাপরিচালকের সরাসরি তত্ত্বাবধায়নে একজন পরিচালক এবং মেইন্টেনেন্স সেল রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা পরিচালনার সার্বিক দায়িত্বে নিয়োজিত আছেন একজন পরিচালক। তাছাড়া দুইজন উপরিচালকের তত্ত্বাবধায়নে রয়েছে সাত (০৭) টি শাখা। শাখাসমূহের প্রধান কার্যাবলি:

### প্রশাসন শাখা

- সকল প্রশাসনিক কাজ;
- পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণ সংক্রান্ত কার্যাবলি;
- আইন, বিধি, নীতিমালা বিষয়ক কার্যাবলি;
- অভ্যন্তরীণ ও বহি: প্রশিক্ষণ কার্যক্রম;
- ক্রয়যোগ্য সামগ্রীর তালিকা তৈরিকরণ ও ক্রয় কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত সকল কাজ।

### জনসংযোগ শাখা

- নভোথিয়েটারের প্রচার, প্রকাশনা ও মুদ্রণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- সকল প্রেস রিলিজ, বিজ্ঞাপন ইত্যাদি বিভিন্ন পত্র-পত্রিকা ও সাময়িকীতে প্রচারের ব্যবস্থাকরণ;
- নভোথিয়েটারে আগত দর্শনার্থীদের বিভিন্ন সমস্যার প্রয়োজনীয় তাৎক্ষণিক সমাধান প্রদান এবং প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণ;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজ।

### অর্থ ও হিসাব শাখা

- অর্থ, বাজেট ও হিসাব সংক্রান্ত বিষয়াদি;
- অর্থ বরাদ্দ ও ছাড়করণ সংক্রান্ত বিষয়াদি;
- প্রদর্শনীর সকল প্রকার টিকিট বিক্রয় এবং বিক্রিত অর্থ নভোথিয়েটারের হিসাবে জমা প্রদানের কার্যক্রম;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজ।

### এয়ারকন্ডিশনিং শাখা

- নভোথিয়েটারে সেন্ট্রাল এয়ারকন্ডিশন সিস্টেমসহ সকল প্রকার এসি সিস্টেম চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ;
- সাবস্টেশন (মেকানিক্যাল অংশ) মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজ।

### ইলেকট্রিক্যাল শাখা

- নভোথিয়েটারে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণ;
- যাবতীয় বৈদ্যুতিক বিষয়াবলী সংক্রান্ত কাজ;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজ।

## গবেষণা শাখা

- প্রদর্শনীবস্তু ও স্পেস থিয়েটারের সরঞ্জামাদির বৈজ্ঞানিক বিষয়সমূহ পর্যবেক্ষণ ও গবেষণা সংক্রান্ত কাজ;
- জ্যোতির্বিজ্ঞানের নতুন নতুন তথ্য এবং চিত্র সম্পর্কে গবেষণা করা এবং এসকল বিষয়াদি নিয়ে সেমিনার-সিম্পোজিয়াম আয়োজন করে দেশের জনগণ তথা ছাত্র সমাজকে অবহিত করা;
- প্লানেটেরিয়ামের জন্য যুগোপযোগী ফিল্ম এবং সর্বাধুনিক প্রযুক্তির এক্সিবিটস সংগ্রহের জন্য তালিকা তৈরিকরণ;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজ।

## প্রদর্শনী পরিচালনা শাখা

- নির্ধারিত সময়ে প্লানেটেরিয়াম প্রদর্শনী ও বিভিন্ন রাইড চালনা নিশ্চিতকরণ;
- প্রদর্শনীবস্তুসমূহের মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং সংক্রান্ত কাজ;
- যুগোপযোগী মহাকাশ বিষয়ক ডিজিটাল ফিল্ম, এক্সিবিটস, রাইড এবং প্রয়োজনীয় যন্ত্রাংশের তালিকা তৈরিকরণ ও ক্রয় কার্যক্রম প্রক্রিয়াকরণ;
- প্রদর্শনীবস্তুসমূহ সঠিকভাবে দর্শনার্থীদের নিকট উপস্থাপন, আরও নান্দনিক উপায়ে প্রদর্শনের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও উপস্থাপনের কার্যক্রম গ্রহণ;
- উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য কাজ।

# অধ্যায় - ০৩
# নভোথিয়েটারের প্রদর্শনীসমূহ

## (ক) ''জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামে তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকার উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম''

নভোথিয়েটারের প্রতিটি প্লানেটেরিয়াম প্রদর্শনীতে ''জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামে তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকার উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম'' প্রদর্শিত হয়। এ ফিল্মটি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ তাঁর সংগ্রামী জীবনের অনেক তথ্যবহুল ঘটনা নিয়ে নির্মিত হয়েছে। সকল শ্রেণীর দর্শকই এই ফিল্মের মাধ্যমে জানতে পারবেন মুক্তিযুদ্ধের পটভূমি, পাক হানাদার বাহিনীর নির্মম অত্যাচার, এদেশের মুক্তি পাগল মানুষের প্রতিরোধসহ স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন দিক।



''জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন ও স্বাধীনতা সংগ্রামে তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকার উপর নির্মিত ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম''এর শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

## (খ) মহাকাশ বিষয়ক প্রদর্শনী

নভোথিয়েটারে অত্যাধুনিক ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে মহাকাশ বিষয়ক ৭টি প্রদর্শনী দেখানো হয়। প্রতিটি প্লানেটেরিয়াম প্রদর্শনী আলাদা আলাদা বৈশিষ্ট্য নিয়ে তৈরী হয়েছে। প্রতিটি প্লানেটেরিয়াম প্রদর্শনীই নতুন নতুন আবিষ্কারের তথ্যে ভরপুর। মহাকাশ বিষয়ক প্রদর্শনীগুলোর সংক্ষিপ্ত পরিচিতি নিম্নে উল্লেখ করা হলো।

## (i) মিশন টু দ্যা ব্ল্যাক হোল (Mission to the Black Hole)

মহাবিশ্বের সর্বাধিক বিস্ময়কর স্থান ব্ল্যাক হোল যেখান থেকে আলো পর্যন্ত বেরিয়ে আসতে পারেনা। ক্রোনুজ ও ডারউইন নামক দুটি মহাকাশযানের মাধ্যমে ব্ল্যাক হোল এবং গ্লিজার-৫৮১ নক্ষত্রের ভার্চুয়াল ভ্রমণের অনুভূতি নিয়ে তৈরী হয়েছে ব্ল্যাক হোল সিনেমা। এই সায়েন্স ফিকশন ফিল্মে পাবেন ব্ল্যাক হোল সম্পর্কিত এ পর্যন্ত আবিষ্কৃত সকল তথ্য ও মানুষের বসবাস উপযোগী গ্রহ সন্ধানে বিজ্ঞানীদের নতুন আবিষ্কার ।



মিশন টু দ্যা ব্ল্যাক হোল

## (ii) গুড নাইট গল্ডিলকস (Good Night Goldilocks)

প্রাণীর বসবাস উপযোগী অঞ্চলকে বলা হয় গল্ডিলকস অঞ্চল। এই অঞ্চল নির্ভর করে সূর্য থেকে গ্রহের দূরত্বের উপরে। এখন পর্যন্ত প্রাণীর বসবাস উপযোগী একমাত্র গ্রহ হচ্ছে পৃথিবী। প্রাণীর বসবাস উপযোগী নতুন গ্রহের সন্ধানে মানুষ বিভোর। মহাবিশ্বে কতটি নক্ষত্রের গল্ডিলকস অঞ্চলে গ্রহ আছে এবং সেখানে প্রাণের অস্তিত্ব আছে কিনা এবং বসবাস উপযোগী গ্রহ সন্ধানে নাসার টেলিস্কোপের অভিযান নিয়ে নির্মিত ফিল্ম গুড নাইট গল্ডিলকস।



গুড নাইট গল্ডিলকস


### (iii) জার্নি টু দ্যা স্টারস (Journey to the Stars)



জার্নি টু দ্যা স্টারস

মহাকাশে নক্ষত্রের জীবনচক্র এই ফিল্মের অন্যতম আকর্ষণ। মহাকাশের তারাদের জন্ম, মৃত্যু এবং আবর্তনকাল এর বিস্তারিত বর্ণনাসহ আমাদের গ্যালাক্সি মিল্কিওয়েতে সূর্যের অবস্থান ও সূর্যকে কেন্দ্র করে নয়টি গ্রহের আবর্তনের বিস্তারিত বর্ণনা দেয়া হয়েছে এই ফিল্মে। দর্শকদের অনেক কৌতুহলী প্রশ্নের সমাধান পাওয়া যেতে পারে এই ডিজিটাল ফিল্মটি উপভোগ করার মাধ্যমে।

### (iv) ডন অফ দ্যা স্পেস এজ (Dawn of the Space Age)



ডন অফ দ্যা স্পেস এজ

মানব জাতীর মহাকাশের অপার রহস্য আবিষ্কারের নেশা প্রাচীন মিসরীয় সভ্যতা থেকে জানা যায়। ১৯৫৭ সালে সাবেক সোভিয়েত ইউনিয়ন স্পুটনিক নামক কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপনের পর থেকে মহাকাশ যুগের যাত্রা শুরু। নাসার সফল চন্দ্র অভিযান থেকে শুরু করে বুধ, শুক্র মঙ্গল গ্রহ ও অন্যান্য সকল অভিযানসহ মহাকাশ স্পেস স্টেশন স্থাপনের নানা তথ্য নিয়ে নির্মিত ফিল্ম ডন অফ দ্যা স্পেস এজ।

## (v) সিম্ফনি অফ দ্যা স্টারি স্কাই (Symphony of the Starry Sky)

মহাকাশ বিষয়ে প্রাচীন ভারতীয় ও মিশরীয়দের ধারণাসহ সূর্যের ৯টি গ্রহের বিস্তারিত বর্ণনা এবং ভয়েজার-১ ও ভয়েজার-২ এর অভিযানের সাহায্য নিয়ে নির্মিত মহাকাশের বিশদ তথ্য নির্ভর ফিল্ম সিম্ফনি অফ দ্যা স্টারি স্কাই।



সিম্ফনি অফ দ্যা স্টারি স্কাই

## (vi) দ্যা সান, আওয়ার লিভিং স্টার (The Sun, Our Living Star)


মহাকাশ বিষয়ক এই ফিল্মটি সূর্যের প্রয়োজনীয়তা, গঠন, কার্যক্রম এবং সৌরজগতের অস্তিত্বের বিষয়ে ধারণা প্রদান করে। সূর্য আলো এবং তাপের উৎস। পৃথিবীর অস্তিত্ব, উদ্ভিদ ও প্রাণীর জীবনচক্র, খাদ্য উৎপাদন, পরিবেশ এবং প্রতিবেশ এর অস্তিত্ব সূর্যের উপর নির্ভরশীল। প্রাচীন গ্রীকরা সূর্যকে উপাসনা করতো। সূর্যের মাধ্যমে সময়ের হিসাব রাখতো। গ্রীকদের সূর্য সম্পর্কিত ধারণা ফিল্মটিতে কিছুটা তুলে ধরা হয়েছে। প্রাচীনকালে মানুষ পৃথিবী কেন্দ্রীক সৌরজগতের কল্পনা করতো। ১৫৪৩ সালে নিকোলাস কোপার্নিকাস সূর্য কেন্দ্রিক সৌরজগতের মডেল তুলে ধরেন। ১৬১০ সালে গ্যালিলিও টেলিস্কোপ আবিস্কারের পর মহাকাশ বিজ্ঞানে বৈপ্লবিক পরিবর্তন ঘটে এবং কোপারর্নিকাসের মডেলের সত্যতা মেলে। সূর্যের গঠন হচ্ছে- প্রধানত হাইড্রোজেন, কার্বন, নাইট্রোজেন, অক্সিজেন, লোহা ইত্যাদি মৌল নিয়ে। ফিউশন প্রক্রিয়ায় প্রচণ্ড তাপ এবং চাপে হাইড্রোজেন পরমাণু হিলিয়ামে পরিণত হয়ে তাপ নির্গত করে। এই তাপই পৃথিবীর অস্তিত্ব টিকিয়ে রাখছে। একসময় হাইড্রোজেন জ্বালানী শেষ হয়ে যাবে। ক্ষুধার্ত সূর্য গ্রাস করবে তার গ্রহগুলোকে এমনকি আমাদের পৃথিবীকেও। তখন একটা মহাপ্রলয় ঘটবে। সৌভাগ্য বশতঃ সেই সময়টি হবে প্রায় ৫ বিলিয়ন বছর পর। এটি মহাকাশ বিজ্ঞানের তথ্যবহুল একটি উপভোগ্য ডিজিটাল ফিল্ম।



দ্যা সান, আওয়ার লিভিং স্টার

### (vii) টু স্মল পিসেস অব গ্লাসঃ দ্যা আমেজিং টেলিস্কোপ (Two small pieces of glass: The Amazing Telescope)

ফিল্মটিতে টেলিস্কোপের গঠন প্রণালী, কার্যকারিতা, ধরণ ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়েছে। ১৬১০ সালে গ্যালিলিও টেলিস্কোপ আবিস্কারের মাধ্যমে সৌরজগতের বিভিন্ন তথ্য আবিস্কারের দ্বার উন্মোচন করেন। টেলিস্কোপের দ্বারা তারার গঠন, দূরত্ব, জীবনচক্র এবং বয়স সম্বন্ধে তথ্য পাওয়া যায়। টেলিস্কোপ শুধুমাত্র দূরবর্তী কোন বস্তু দেখার যন্ত্র নয় এটা সময় পরিমাপেও অবদান রাখছে। স্কুলগামী উৎসুক শিক্ষার্থীরা এই ফিল্মটি উপভোগ করে ভবিষ্যতে জ্যোতির্বিজ্ঞানী হওয়ার আগ্রহ ব্যক্ত করবে বলে আশা করা যায়।



টু স্মল পিসেস অব গ্লাস (দ্যা আমেজিং টেলিস্কোপ)

## (গ) বঙ্গবন্ধু কর্নার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মুজিববর্ষ পালন করা হয়। মুজিববর্ষ উপলক্ষ্যে নভোথিয়েটারে বঙ্গবন্ধু কর্নার নির্মাণ করা হয়। এখানে রয়েছে বঙ্গবন্ধুর দুর্লভ কিছু আলোকচিত্র, ভিডিও এবং বই। তাছাড়া ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রদর্শিত হয় বঙ্গবন্ধুর জীবনের গুরুত্বপূর্ণ ইভেন্টসমূহ।



বঙ্গবন্ধু কর্নার



বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এবং সিনিয়র সচিব, জিয়াউল হাসান এনডিসি



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে বঙ্গবন্ধু কর্ণারে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সিনিয়র সচিব মহোদয় এবং মন্ত্রণালয় ও নভোথিয়েটারের উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে সরকারি শিশু পরিবারের নিবাসীরা

## (ঘ) 5D মুভি থিয়েটার (5D Movie Theatre)

অত্যাধুনিক প্রযুক্তির 5D Movie Theatre উপভোগ করতে চোখে বিশেষ ধরনের চশমা ব্যবহার করতে হয়। আকর্ষণীয় এই প্রদর্শনীতে রয়েছে Bubble, Air, Water, Leg Tickler, Special Lighting, Chair Movement, Smoke ইত্যাদির দারুণ effect যা শিশু কিশোরদের জন্য অনাবিল আনন্দের উৎস। 5D মুভি থিয়েটার হলের আসন সংখ্যা ৪০ এবং প্রতিটি ফিল্মের ব্যপ্তি ৫-৭ মিনিট।




5D মুভি থিয়েটার

## (ঙ) শেখ রাসেল এক্সিবিটস গ্যালারি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে রয়েছে ৩৩টি ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটস এবং স্মার্ট স্টেপ ফ্লোর। এগুলোর সাহায্যে বিনোদনের মাধ্যমে শিক্ষার্থীরা বিজ্ঞান বিষয়ক জ্ঞান লাভ করতে পারবে। এ সমস্ত অত্যাধুনিক এক্সিবিটস বিজ্ঞানের চরম উৎকর্ষতার প্রতীক। এর দ্বারা দেশের শিক্ষার্থীরা বিজ্ঞানের চমকপ্রদ এবং আশ্চর্যজনক বিষয়গুলোকে অবলোকন এবং অনুভব করতে পারবে যা তাদেরকে বিজ্ঞান মনস্ক হতে সহায়তা করবে। এছাড়া এখানে নতুন সংযোজিত হয়েছে শেখ রাসেল কর্নার।





শেখ রাসেল এক্সিবিটস গ্যালারি

## শেখ রাসেল এক্সিবিটস গ্যালারির ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটের তালিকা

1. Roller Coaster
2. Touch Me
3. Earthquake System
4. Size of Stars
5. Magic Vision
6. Transparent Celestial Globe
7. Weight on Planet
8. Mirror Time
9. Space Pilot Training
10. Info Wall
11. Tornado System
12. Model of Sun, Earth and Moon
13. Columbus Egg
14. Harp Without String
15. DNA Composition
16. VR Simulator Arcade Game Set
17. Music Space
18. Xi's
19. Motion Magic Mirror
20. Biological Motion
21. Digital Periodic Table
22. Digital Canvas
23. Submarine Cable Map
24. Sound Chaos
25. Satellite Model
26. Smart Play Room
27. Hello IT
28. Digital Life Form
29. Alien System
30. Holowall Table
31. Stylish Bone
32. Helicopter Hovering
33. Tree of Song

# শেখ রাসেল এক্সিবিটস গ্যালারির আকর্ষণীয় ডিজিটাল ও সায়েন্টিফিক এক্সিবিটের তথ্য

## রোলার কোস্টার (Roller Coaster)

রোলার কোস্টারের মাধ্যমে শক্তির সংরক্ষণশীলতা নীতির ব্যবহার উপস্থাপন করা হয়। এই নীতি অনুযায়ী, শক্তিকে সৃষ্টি করা যায় না আবার ধ্বংসও করা যায় না। কিন্তু একে এক রূপ থেকে অন্য রূপে রূপান্তর করা যায়।

আমরা শক্তির দুইটি রূপ দেখতে পাই। একটি হচ্ছে গতিশক্তি আরেকটি হচ্ছে বিভব শক্তি। গতির কারনে যে শক্তি বস্তুতে আবিষ্ট হয় তাকে গতিশক্তি বলে। আর মধ্যাকর্ষণ শক্তির কারনে যে শক্তি বস্তুতে সৃষ্টি হয় তাকে বিভব শক্তি বলে। আর রোলার কোস্টার হচ্ছে এই দুই শক্তির আদান প্রদান। একবার গতিশক্তি বিভব শক্তিতে রূপান্তরিত হয় আবার অন্য সময় বিভব শক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয়। এই সূত্রটির নাম শক্তির সংরক্ষণশীলতা নীতি বস্তু মাটি থেকে যতো উঁচুতে অবস্থান করে তার বিভব শক্তি তত বেশি হয়। উঁচু স্থান থেকে পতনের সময় মার্বেলের উচ্চ বিভব শক্তি গতিশক্তিতে পরিণত হয়। ফলে গতিশক্তি বৃদ্ধি পায়। গতিশক্তি বৃদ্ধি পেয়ে এত বেশি হয়ে যায় যে সামনের উঁচুস্থানকে সে অতিক্রম করে যায়। এই সময় গতিশক্তি আবার বিভব শক্তিতে রূপান্তরিত হয়। গোলচক্কর প্রদক্ষিনের আগেই আমরা দেখি উঁচু স্থান থেকে মার্বেলকে পরতে। এই পতনের ফলে যেই গতিশক্তি সৃষ্টি হয় তা মার্বেলকে পুরো গোলপথ ঘুরিয়ে আবার নিচে নিয়ে আসে। পুরো পথ প্রদক্ষিণ করে এসে ঘন্টার সাথে সংঘর্ষের ফলে তার গতিশক্তি কিছুটা হারিয়ে শব্দশক্তিতে পরিণত হয়ে আগের অবস্থানে ফিরে আসে।




রোলার কোস্টার

## কলম্বাসের ডিম (Columbus Egg)

এক্সিবিটটি চলবিদ্যুৎ (AC) দ্বারা সৃষ্ট দ্রুত পরিবর্তনশীল চৌম্বক ক্ষেত্রের এক বাস্তব উদাহরণ। কলম্বাস আমেরিকা আবিষ্কারের পর তার সতীর্থরা একদিন একটি ডিম নিয়ে হাজির হয় তার সামনে। কলম্বাসকে তারা বলে একটি ডিমকে টেবিলে সোজা করে দাঁড় করানোর জন্য। নিকোলা টেসলা (Nicholas Tesla) চুম্বক ক্ষেত্রের মাধ্যমে ডিম আকৃতির একটি বস্তুকে দাঁড়া করাতে সক্ষম হন। কলম্বাসের কাহিনী স্মরণ করে এর নাম দেয়া হয় কলম্বাসের ডিম। টেসলা ছাত্র থাকা অবস্থায় ঘূর্ণনশীল চুম্বকক্ষেত্র আবিষ্কার করেন। এই ঘূর্ণনশীল চুম্বকক্ষেত্র আধুনিক যুগে বহু কাজে ব্যবহার হয়। কলম্বাসের ডিমকে এই ঘূর্ণনশীল চুম্বকক্ষেত্র ব্যবহার করে দাঁড়া করানো সম্ভব হয়েছে। সাধারণ চুম্বকক্ষেত্রে একদিকে দক্ষিন মেরু সৃষ্টি হয় আর অন্যদিকে উত্তর মেরু। কিন্তু দিক পরিবর্তী (Alternating Current-AC) বিদ্যুৎপ্রবাহ ব্যবহার করে এমনভাবে চুম্বকক্ষেত্রকে পরিবর্তন করা হয় যাতে উত্তর আর দক্ষিন মেরু একটু পর পর নিজের অবস্থান পরিবর্তন করা শুরু করে। মধ্যে থাকা ধাতব ডিমটি চুম্বকক্ষেত্র দ্বারা আকৃষ্ট হয়। যেহেতু চুম্বকক্ষেত্র পরিবর্তনশীল সেহেতু ধাতব ডিমটি সুস্থিত অবস্থায় না থেকে ঘুরতে থাকে। চুম্বকক্ষেত্র এত দ্রুতগতিতে পরিবর্তন হয় যে আমাদের মনে হয় যে ডিম আকৃতির বস্তুটি দাড়িয়ে আছে। এভাবেই ডিমকে আমরা দাঁড়া করাতে সক্ষম হই।




কলম্বাসের ডিম

## হার্প উইথ আউট স্ট্রিং (Harp Without String)

এই এক্সিবিটে আলো ব্যবহার করে তারবিহীন যন্ত্রের সাহায্যে বিভিন্ন তরঙ্গ দৈর্ঘ্যের সুরেলা শব্দ তৈরী করা হয়। হার্প হচ্ছে প্রাচীন একটি বাদ্যযন্ত্র। দেখতে বীণার মতো না হলেও হার্প যন্ত্রটি বীণার মতই কাজ করে। হার্পের তারগুলো একেকটি একেক দৈর্ঘ্যের হয়। তারগুলো স্পর্শ করলে তরঙ্গের সৃষ্টি হয়। ফলে সুমধুর আওয়াজের সৃষ্টি হয়। কিন্তু এই যন্ত্রে কোন তার ব্যবহার করা হয়নি। তারের পরিবর্তে ব্যবহার করা হয়েছে লাল আলো। আলোর উল্টোদিকে আছে সেন্সর যা আলোর উপস্থিতি বুঝতে পারে। যখনই হাতের স্পর্শে আলোক রশ্মিগুলো কেটে যায় তখন সেন্সর কোন দৈর্ঘ্যের রশ্মিটি কেটেছে তা রেকর্ড করে নেয়। যন্ত্রের ভিতরে একটি স্বয়ংক্রিয় প্রোগ্রাম আছে। এই প্রোগ্রাম আলো কোথায় কেটে গেছে তা থেকে বুঝে নেয় কি শব্দ তৈরি করতে হবে এবং স্বাভাবিক হার্প যে সুর তৈরি করতো ঠিক সেই সুরটিই তৈরি করে। এর মাধ্যমে তার ছাড়াই কম্পিউটার প্রোগ্রামের সাহায্যে আমরা সুমধুর সুর তৈরি করতে সক্ষম হচ্ছি।




হার্প উইথ আউট স্ট্রিং

## স্পেস পাইলট ট্রেনিং (Space Pilot Training)

বিমান চালনার জন্য চার ধরনের বলের সাহায্য লাগে। প্রথমটি হচ্ছে ওজন যা নিচ বরাবর ক্রিয়া করে। লিফট নামের আরেকটি বল বাতাসের দিক বরাবর ক্রিয়া করে চাপের তারতম্যের কারণে। ইঞ্জিন ধাক্কা নামের আরেকটি বল আছে বিমানের গতির দিকে। আর নিচ থেকে বিমানকে উঠিয়ে নেয়ার সময় (Take Off) ভূমি আরেকটি বল তৈরি করে ধাক্কা বলকে বাধা প্রদান করে। এর নাম বিপরীত টান বল। এই চারটি বল বিভিন্ন সময়ে বিভিন্ন মান নেয়। চারটি বলের ভারসাম্য তৈরি করতে পারলেই বিমানকে সুন্দর করে চালনা করা যাবে। বিমান আর গাড়ি চালানোর মধ্যে সবচেয়ে বড় পার্থক্য হচ্ছে যে গাড়ি একটি দ্বিমাত্রিক যান। কিন্তু বিমান একটি ত্রিমাত্রিক যান। একে গাড়ির মত সমতলে চালনা করার সাথে সাথে উপর এবং নিচেও চালনা করতে হয়। তিন মাত্রায় বিমানের চলাচলকে তিনটি ভিন্ন নাম দেয়া হয়। এগুলো হচ্ছে রোল (Roll), পীচ (Pitch) আর ইও (Yaw)।


এখানে একটি সিমুলেটর দেখানো হয়েছে যার মাধমে আমরা একটি বিমানকে নিজের মতো করে নিয়ন্ত্রণ করতে পারি। তিন অক্ষ বরাবর চলাচলকারী বস্তুকে বিভিন্ন বলের সমন্বয় করে রোল, পীচ এবং ইও করে কিভাবে সামনে এগিয়ে নেয়া যায় তা বুঝার এক অপূর্ব সুযোগ আছে এই সিমুলেটরে।




স্পেস পাইলট ট্রেনিং

## ডিজিটাল পর্যায় সারণি (Digital Periodic Table)

পর্যায় সারণি হচ্ছে বিভিন্ন মৌলিক পদার্থকে একত্রে উপস্থাপনের একটি আন্তর্জাতিক ভাবে গৃহীত ছক। আজ পর্যন্ত আবিষ্কৃত মৌলসমূহকে তাদের ইলেকট্রন বিন্যাসের উপর ভিত্তি করে, ধর্মাবলী বিবেচনায় নিয়ে বিভিন্ন শ্রেণীতে ও পর্যায়ে বিভক্ত করে মৌলসমূহের পারমাণবিক সংখ্যার ক্রমানুসারে পর্যায় সারণিতে সাজানো হয়েছে। পর্যায় সারণিতে মোট ১১৮টি মৌল রয়েছে। এতে ২০টি অধাতু ও ২২টি ধাতু রয়েছে। এই পর্যায় সারণির ডিজিটাল ভার্সনের মাধ্যমে মৌল সমূহ সম্পর্কে জানার চমৎকার সুযোগ রয়েছে নভোথিয়েটারে। যে কোন মৌল সিলেকশন করে তার মৌলিক ধর্ম, আণবিক গঠন, ইলেকট্রন বিন্যাস সম্বন্ধে তাৎক্ষণিক ধারণা পাওয়া যায়।





ডিজিটাল পর্যায় সারনি

## DNA গঠন


ডিঅক্সিরাইবোনিউক্লিক অ্যাসিড (ইংরেজিঃ DNA) একটি নিউক্লিক অ্যাসিড যা জীবদেহের গঠন ও ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণের জিনগত নির্দেশ ধারণ করে। সকল জীবের ডিএনএ জিনোম থাকে। একটি সম্ভাব্য ব্যতিক্রম হচ্ছে কিছু ভাইরাস গ্রুপ যাদের আরএনএ জিনোম রয়েছে, তবে ভাইরাসকে সাধারণত জীবন্ত প্রাণ হিসেবে ধরা হয় না। কোষে DNA এর প্রধান কাজ দীর্ঘকালের জন্য তথ্য সংরক্ষণ। জিনোমকে কখনও নীলনকশার সাথে তুলনা করা হয় কারণ এতে কোষের বিভিন্ন অংশে যেমন: প্রোটিন ও আরএনএ অণু, গঠনের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলি থাকে। ডিএনএর যে অংশ এ জিনগত তথ্য বহন করে তাদের বলে জিন, কিন্তু অন্যান্য ডিএনএ ক্রমের গঠনগত তাৎপর্য রয়েছে অথবা তারা জিনগত তথ্য নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়। জীবদেহে ডিএনএ একটি একক অণু হিসেবে থাকে না, বরং চাপাচাপি করে জোড়া-অণু হিসেবে থাকে। এই লম্বা সূত্র দুইটি আঙুরের মতো প্যাঁচানো থাকে, যা দ্বৈত হেলিক্সের মত হয়। একটি ডিএনএ সূত্রে থাকে নিউক্লিওটাইড যা ডিএনএ মেরুদণ্ডকে ধরে রাখে, এবং একটি ক্ষার যা অন্য ডিএনএ সূত্রের সাথে সংযোগ স্থাপন করে। এই নিউক্লিওটাইড ও ক্ষারের পুনরাবৃত্তিতেই ডিএনএ সূত্র গঠিত। সাধারণভাবে একটি ক্ষার যদি একটি চিনি অণুর সাথে যুক্ত থাকে তাকে বলে নিউক্লিওসাইড এবং একটি ক্ষার যদি একটি চিনি ও এক বা একাধিক ফসফেট অণুর সাথে যুক্ত থাকে তাকে বলে নিউক্লিওটাইড। যদি একাধিক নিউক্লিওটাইড একসাথে যুক্ত থাকে, যেমন ডিএনএতে, তবে এই পলিমারকে বলে পলিনিউক্লিওটাইড। শিক্ষার্থীরা এই বিষয় গুলো সম্পর্কে একটি সুন্দর ধারণা পাচ্ছে এই সায়েন্টিফিক এক্সিবিটের মাধ্যমে।




DNA গঠন

## সাবমেরিন ক্যাবল নেটওয়ার্ক (Submarine Cable Network)

সাবমেরিন কমিউনিকেশন্স ক্যাবল বা সাবমেরিন ক্যাবল সিস্টেম, এমন ধরনের সিস্টেম যা সমুদ্রের নিচ দিয়ে বিভিন্ন দেশের মধ্যে টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন করে। এটি একটি ভিন্নধর্মী টেলিযোগাযোগ মাধ্যম। রেডিও ট্রান্সমিশনের মাধ্যমে ইথারে ছুঁড়ে দেয়া তথ্য আয়নোস্ফিয়ার হয়ে আমাদের কাছে ফেরত আসে। সাধারণত দ্রুত যোগাযোগের জন্য খুঁটির মাধ্যমে তার স্থাপন করা হয়। এটি একটি নির্দিষ্ট ভূখণ্ডে সম্ভব। কিন্তু মহাদেশ থেকে মহাদেশে যোগাযোগের জন্য সমুদ্রের নিচ দিয়ে তারের মাধ্যমে সংযোগ স্থাপন করা হয়। গভীরতার সাথে তুলনা করতে গিয়েই সাবমেরিনের সাথে মিল রেখে নাম দেয়া হয়েছে সাবমেরিন ক্যাবল। নভোথিয়েটারে এই ক্যাবলের একটি জাতীয় ও একটি আন্তর্জাতিক ম্যাপ এবং স্মার্ট স্ক্রিনে এর ভিডিও চিত্র প্রদর্শন করা হচ্ছে। সাবমেরিন ক্যাবল সিস্টেম বিশ্বব্যাপী আধুনিক টেলিযোগাযোগ আধুনিক টেলিযোগাযোগ ব্যবস্থার সর্বাধুনিক স্থাপনা। দ্রুতগতি এবং অধিক ব্যান্ডউইথের কারণে সাবমেরিন ক্যাবল নেটওয়ার্ক বিশ্বব্যাপী ইনফরমেশন সুপার হাইওয়ের অন্যতম ধারক ও বাহক।




ওয়ার্ল্ড সাবমেরিন ক্যাবল ম্যাপ

## (চ) শেখ রাসেল কর্নার

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেল ১৯৬৪ সালের ১৮ অক্টোবর ঢাকায় ঐতিহাসিক বঙ্গবন্ধু ভবনে জন্ম গ্রহণ করেন। বঙ্গবন্ধু তাঁর প্রিয় লেখক খ্যাতিমান দার্শনিক ও নোবেল বিজয়ী ব্যক্তিত্ব বার্ট্রান্ড রাসেলের নামানুসারে পরিবারের নতুন সদস্যের নাম রাখেন ‘রাসেল’। এই নামকরণে মা বেগম ফজিলাতুন নেছা মুজিবও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। শৈশব থেকেই দুরন্ত প্রাণবন্ত রাসেল ছিলেন পরিবারের সবার অতি আদরের। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে দেশি-বিদেশি চক্রান্তে পরিবারের সদস্যদের সাথে শেখ রাসেলকেও হত্যা করা হয়। তখন রাসেল ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র। তার স্মৃতির স্মরণে ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস হিসেবে উদযাপিত হয়। তার সম্মানার্থে নভোথিয়েটারে শেখ রাসেল কর্নার স্থাপন করা হয়।



শেখ রাসেল কর্নার



শেখ রাসেল কর্নার উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

## (ছ) ভার্চুয়াল রিয়েলিটি গেম (Virtual Reality Game)

নভোথিয়েটারে সংযোজিত হয়েছে অত্যাধুনিক প্রযুক্তির ভার্চুয়াল রিয়েলিটি গেম। এর মাধ্যমে দর্শনার্থীগণ এক বিশেষ সিস্টেমের সাহায্যে ৩৬০ ডিগ্রি ভিডিও চিত্র উপভোগ করতে পারবেন। এ বিশেষ সিস্টেমের মাধ্যমে দর্শনার্থীগণ নিজেকে ভিডিও চিত্রের মাঝের একজন বলে মনে করবেন। দর্শনাথীরা আনন্দ গ্রহণের পাশাপাশি এই প্রযুক্তির বিষয়ে আগ্রহী এবং এর কার্যক্রম সম্পর্কে ধারণা পাবেন।




ভিআর গেম



ভিআর গেম উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

## (জ) টেরাকোটা ম্যুরাল

বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ১৯৫২-১৯৭১ সাল পর্যন্ত পটভূমি তুলে ধরে নির্মাণ করা হয়েছে টেরাকোটা ম্যুরাল। এই টেরাকোটার মাধ্যমে দর্শনার্থী এবং শিক্ষার্থীগণ ভাষা আন্দোলন এবং আমাদের স্বাধীনতা সংগ্রামের ইতিহাস সহজেই জানতে পারে।



টেরাকোটা ম্যুরাল

## (ঝ) সায়েন্টিফিক লাইব্রেরি

নভোথিয়েটারে জ্যোতির্বিজ্ঞান ও বিজ্ঞান বিষয়ক বিভিন্ন তথ্য, চিত্র, সাময়িকী, বই পুস্তক সংরক্ষণ ও প্রদর্শনের জন্য সায়েন্টিফিক লাইব্রেরি স্থাপন করা হয়েছে। এখানে বিশিষ্ট বিজ্ঞানীদের রচিত বিভিন্ন দেশী-বিদেশী বই রয়েছে। দর্শনার্থী ও শিক্ষার্থীরা এসব বই পড়তে পারবেন এবং অজানা অনেক তথ্য সম্পর্কে জানতে পারবেন। এতে তাদের জ্ঞানের ভাণ্ডার সমৃদ্ধ হবে।




সায়েন্টিফিক লাইব্রেরি

## ঞ) ৮টি গ্রহের তথ্যসহ মডেল

সৌর জগতের গ্রহসমূহের তথ্যসহ মডেল রয়েছে। এর মাধ্যমে দর্শনার্থীরা লেজার লাইট দ্বারা নির্দেশিত সৌরজগতে নির্দিষ্ট গ্রহের অবস্থান ও তার তথ্য সম্পর্কে জানতে পারবেন। এছাড়াও মহাকাশ বিষয়ক বিভিন্ন তথ্যচিত্র রয়েছে।



সৌরজগতের ৮টি গ্রহ

## ট) নভোপার্ক

নভোথিয়েটারের বাগানে বিভিন্ন আনন্দদায়ক খেলার সুব্যবস্থা সম্পন্ন নভোপার্ক স্থাপন করা হয়েছে। এতে খোলা মাঠে মুক্ত পরিবেশে শিশুরা আনন্দ উপভোগের সুযোগ পাবে এবং তারা মানসিক প্রশান্তি লাভ করবে।



নভোপার্ক

## ঠ) পরমাণু শক্তি তথ্য কেন্দ্র

নভোথিয়েটারে স্থাপিত হয়েছে পরমাণু শক্তি তথ্য কেন্দ্র। এখানে আছে 3D এ্যানিমেটেড মুভি, নিউক্লিয়ার সেফটি মডেল, মানবদেহের তেজস্ক্রিয়তা পরিমাপের যন্ত্র-ডসিমিটার, শক্তি উৎপাদনের মডেল এবং আরও অনেক কিছু। তাছাড়া রয়েছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সিমুলেশন মডেল যাতে রূপপুরের সকল স্থাপনাকে প্রদর্শন করা হয়েছে। উক্ত মডেল পরিদর্শনের মাধ্যমে রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র সম্পর্কিত তথ্য সম্পর্কে বিস্তারিত জানার সুযোগ সৃষ্টি করা হয়েছে। এটি বিনামূল্যে প্রদর্শন করা হয় এবং সকলের জন্য উন্মুক্ত। এর মাধ্যমে শিক্ষার্থী ও দর্শনার্থীগণ পারমানবিক শক্তি ও তার নিরাপদ ব্যবহার সম্পর্কে জানতে পারবেন।



পরমাণু শক্তি তথ্য কেন্দ্র



রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের সিমুলেশন মডেল

## নভোথিয়েটারের প্রদর্শনীর সময়সূচি

নভোথিয়েটারে প্রবেশমূল্য জনপ্রতি ৩০/- টাকা। উক্ত টিকেটের বিনিময়ে দর্শনার্থীগণ বিনামূল্যে নভোপার্ক, পরমাণু শক্তি তথ্য কেন্দ্র (ICONE), বঙ্গবন্ধু কর্নার, টেরাকোটা ম্যুরাল, ফুডকোর্ট, সবুজ চত্বর উপভোগ করতে পারবেন। তাছাড়া প্রতিটি প্রদর্শনীর জন্য পৃথক টিকেটের ব্যবস্থা আছে।

* প্লানেটেরিয়াম প্রদর্শনীর টিকিট-এর মূল্য ১০০/- টাকা। প্রত্যেকে ১টি করে টিকিট সংগ্রহ করতে পারবেন;
* 5D Movie Theatre এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/-টাকা;
* ভিআর গেম এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/-টাকা;
* শেখ রাসেল এক্সিবিটস গ্যালারি-এর প্রতিটি টিকেটের মূল্য ৫০/-টাকা;
* পরমাণু শক্তি তথ্য কেন্দ্র (বিনামূল্যে);
* শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত আবেদনের প্রেক্ষিতে অগ্রিম টিকেট প্রদান করা হয়।

### প্লানেটেরিয়াম প্রদর্শনীর সময়সূচী

| শো | প্রদর্শনীর নাম | গ্রীষ্মকালীন | | শীতকালীন | |
|---|---|---|---|---|---|
| | | প্রদর্শনী শুরুর সময় (শনি, রবি, সোম, মঙ্গল ও বৃহস্পতিবার) | প্রদর্শনী শুরুর সময় (শুক্রবার) | প্রদর্শনী শুরুর সময় (শনি, রবি, সোম, মঙ্গল ও বৃহস্পতিবার) | প্রদর্শনী শুরুর সময় (শুক্রবার) |
| ১ম শো | "বঙ্গবন্ধুর জীবন সংগ্রামের উপর নির্মিত ফিল্ম"ও Mission to the Black Hole | সকাল ১০:৩০ | সকাল ১০:০০ | সকাল ১০:৩০ | সকাল ১০:০০ |
| ২য় শো | "বঙ্গবন্ধুর জীবন সংগ্রামের উপর নির্মিত ফিল্ম"ও Two Small Pieces of Glass: The Amazing Telescope | দুপুর ১২:০০ | সকাল ১১:৩০ | দুপুর ১২:০০ | সকাল ১১:৩০ |
| ৩য় শো | "বঙ্গবন্ধুর জীবন সংগ্রামের উপর নির্মিত ফিল্ম"ও Goodnight Goldilocks | বেলা ২:০০ | বেলা ২:৩০ | বেলা ২:০০ | বেলা ২:৩০ |
| ৪র্থ শো | "বঙ্গবন্ধুর জীবন সংগ্রামের উপর নির্মিত ফিল্ম"ও Journey to the stars | বিকাল ৩:৩০ | বিকাল ৪:০০ | বিকাল ৩:৩০ | বিকাল ৪:০০ |
| ৫ম শো | "বঙ্গবন্ধুর জীবন সংগ্রামের উপর নির্মিত ফিল্ম"ও The Sun, Our Living Star | বিকাল ৫:০০ | বিকাল ৫:৩০ | বিকাল ৫:০০ | বিকাল ৫:৩০ |
| ৬ষ্ঠ শো | "বঙ্গবন্ধুর জীবন সংগ্রামের উপর নির্মিত ফিল্ম"ও Dawn of the Space Age | সন্ধ্যা ৬:৩০ | সন্ধ্যা ৭:০০ | -- | -- |

- বুধবার সাপ্তাহিক বন্ধ। এছাড়া অন্যান্য সরকারি ছুটির দিন নভোথিয়েটার বন্ধ থাকে।

# অধ্যায়-০৪

# নভোথিয়েটারের অর্জনসমূহ ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের উল্লেখযোগ্য অর্জনসমূহ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সম্মানে নভোথিয়েটারে "বঙ্গবন্ধু কর্নার" স্থাপন করা হয়েছে;
- বঙ্গবন্ধু কর্নারে ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে বঙ্গবন্ধুর ভাষণ ও গুরুত্বপূর্ণ ইভেন্ট প্রদর্শিত হয়;
- মুজিববর্ষ উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম বিভিন্ন টেলিভিশনে প্রচারের জন্য বাংলাদেশ চলচ্চিত্র প্রকাশনা অধিদপ্তরের মাধ্যমে একটি ভিডিও তথ্যচিত্র নির্মাণ করা হয়েছে এবং তা নিয়মিত প্রচার করা হচ্ছে;
- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে নভোথিয়েটারের প্রদর্শনী উপভোগ করার জন্য বিআরটিসি বাসের মাধ্যমে বিনামূল্যে আনা নেয়া করা হয়;
- মহাকাশ বিষয়ক নতুন ২টি ডিজিটাল ফিল্ম সংযোজন করা হয়েছে;
- শেখ রাসেল কর্নার স্থাপন করা হয়েছে;
- ভার্চুয়াল রিয়েলিটি কর্নার স্থাপনের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের উন্নত প্রযুক্তির মাধ্যমে বিনোদনের ব্যবস্থা করা হয়েছে;
- দর্শনার্থী এবং শিশুদের চিত্ত-বিনোদনের জন্য নভোথিয়েটারের বাগানে নভোপার্ক স্থাপন করা হয়েছে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে সায়েন্টিফিক লাইব্রেরি স্থাপন করা হয়েছে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের আগত দর্শনার্থীদের গাড়ীর নিরাপদ সংরক্ষণের জন্য আন্ডারগ্রাউন্ড পার্কিং ব্যবস্থা চালু করা হয়েছে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম প্রচারের জন্য নভোথিয়েটারের সম্মুখে ডিজিটাল ডিসপ্লে মেসেজ বোর্ড স্থাপন করা হয়েছে। ফলে আগত দর্শনার্থীরা সহজেই নভোথিয়েটার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি জানতে পারছেন;
- নভোথিয়েটারের সকল প্রদর্শনীর টিকেট অনলাইন সিস্টেমে চালু করা হয়েছে;
- নভোথিয়েটারের ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ১টি আর্চওয়ে, লাগেজ স্ক্যানার , হ্যান্ড মেটাল ডিটেক্টর, মিরর ডিটেক্টর এবং বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করায় এখানে আগত সকল শ্রেণির মানুষ স্বাচ্ছন্দ্য বোধ করছেন;
- নভোথিয়েটারে প্রদর্শনী এলাকায় ওয়াইফাই নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। ফলে আগত দর্শনার্থীগণ এর সুফল ভোগ করছেন;
- সুবিধাবঞ্চিত শিশু ও বিশেষ শিশুদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম প্রদর্শনী বিনামূল্যে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। ফলে তারা বিনোদনের মাধ্যমে বিজ্ঞান এবং বিজ্ঞানের অজানা রহস্য সম্পর্কে জানতে পারছে;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম নিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে মহাপরিচালক মতবিনিয়ম সভা করেন এবং তাদেরকে শিক্ষার্থীসহ নভোথিয়েটারে আসার জন্য উদ্বুদ্ধ করেন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রমকে গতিশীল করার জন্য নতুন করে ৮জন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। বর্তমানে কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা ৫৫ জন;
- বিভিন্ন বিজ্ঞাপন, লিফলেট, ব্রোশিয়ার এর মাধ্যমে নভোথিয়েটারের কার্যক্রম প্রচার করা হচ্ছে।

## ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

২০৩০ সালের মধ্যে SDG অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ গঠনে সহায়ক ভূমিকা পালনের উদ্দেশ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কর্তৃক গৃহীত ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:

২০২৬ সাল পর্যন্ত গৃহীত কর্মপরিকল্পনা

- ২০২৩ সালের মধ্যে
  - ➢ মহাকাশ বিজ্ঞান শিক্ষা সম্প্রসারণমূলক কাজ ত্বরান্বিত ও জনপ্রিয়করণ করতে বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা;
  - ➢ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার সম্পর্কে জনগণকে আরও আগ্রহী করে গড়ে তোলার জন্য নভোথিয়েটারের ওপর ডকুমেন্টারি তৈরি করে বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় তা প্রচারের ব্যবস্থাকরণ;
  - ➢ "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" শীর্ষক প্রকল্পটি সমাপ্ত করা;
- ২০২৪ সালের মধ্যে
  - ➢ বরিশাল বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
  - ➢ রংপুর বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
  - ➢ খুলনা বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্পটি বাস্তবায়ন;
- ২০২৬ সালের মধ্যে
  - ➢ চট্টগ্রাম ও সিলেট বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্প বাস্তবায়ন;
  - ➢ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে পর্যায়ক্রমে আধুনিক জ্যোতির্বিজ্ঞান এবং মহাকাশ বিষয়ক সম্যক ধারণা ও বিজ্ঞানের নব নব আবিষ্কারের সাথে পরিচিতকরণ;
  - ➢ নির্ধারিত সময় পর পর যুগোপযোগী ও আধুনিক ডিজিটাল ফিল্ম এবং এক্সিবিটস সংগ্রহকরণ;
  - ➢ ময়মনসিংহ বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন প্রকল্প বাস্তবায়ন; এবং
  - ➢ ঢাকাস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে আরো আধুনিকায়ন করার লক্ষ্যে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আধুনিকায়ন শীর্ষক" প্রকল্প বাস্তবায়ন।

২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ গঠনে গৃহীত কর্মপরিকল্পনা

- ২০৪১ সালের মধ্যে
  - ➢ সরকারের রূপকল্প বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল নাগরিক বিশেষত ছাত্র সমাজকে বিজ্ঞানমনস্ক হিসেবে গড়ে তোলার জন্য গোপালগঞ্জ, ফরিদপুর, টাঙ্গাইল, নোয়াখালী, কুমিল্লা, কক্সবাজার, পটুয়াখালী, যশোর, কুষ্টিয়া, পাবনা, বগুড়া ও দিনাজপুর জেলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের জন্য প্রকল্প বাস্তবায়ন করা হবে;
  - ➢ বাংলাদেশের সকল স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, ভোকেশনাল প্রতিষ্ঠানসহ তৃণমূল পর্যায়ের সকল শিক্ষার্থীকে মহাকাশ বিষয়ে সম্যক ধারণা প্রদান করা হবে;
  - ➢ মহাকাশ গবেষণায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করা।

## বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপন

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী বিজ্ঞান বিষয়ক শিক্ষার প্রসার ও মান উন্নয়নের মাধ্যমে সমৃদ্ধ জাতি গঠনের স্বার্থে প্রতিটি বিভাগীয় শহরে নভোথিয়েটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে নভোথিয়েটার স্থাপন প্রকল্পের উদ্দেশ্য:

- বিভাগীয় পর্যায়ে আধুনিক নভোথিয়েটার স্থাপনের মাধ্যমে জনসাধারণের মধ্যে মহাকাশ সম্পর্কিত বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন বিষয়াদি অবহিত করে বিজ্ঞানমনস্ক ইতিবাচক সমাজ গঠনে সহায়তা করা;
- শিক্ষা-বিনোদনের সুযোগ সৃষ্টি করে স্কুলগামী শিক্ষার্থী ও তরুণ প্রজন্মকে উৎসাহিত করার মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক শিক্ষায় উৎসাহিত করা;
- মহাকাশ বিষয়ক গবেষণার সুযোগ সৃষ্টিসহ ডিজিটাল ও সায়েন্টিফিক প্রদর্শনীবস্তু প্রদর্শনের সুযোগ সৃষ্টির মাধ্যমে নভোথিয়েটারকে একটি অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা-বিনোদন কেন্দ্র হিসেবে তৈরি করা।



বিভাগীয় শহরে স্থাপিতব্য নভোথিয়েটারের মডেল

### ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন প্রকল্প

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প |
| প্রকল্পের অনুমোদিত ব্যয় | : | ২৩২৭৩.০০ লক্ষ টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | জুলাই ২০১৭ - জুন ২০২৩ |
| প্রকল্পের এলাকা | : | শহীদ এ. এইচ. এম কামরুজ্জামান পার্ক, রাজশাহী। |
| জুন ২০২২ পর্যন্ত অগ্রগতি | : | ভৌত অগ্রগতি: ৭০%<br>আর্থিক অগ্রগতি: ৬১.১৬% |



"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" শীর্ষক প্রকল্পের অগ্রগতি পরিদর্শন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান, রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব খায়রুজ্জামান লিটন এবং জেলা প্রশাসন রাজশাহীর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ



"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" শীর্ষক প্রকল্পের অগ্রগতি পরিদর্শন করেন মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, প্রকল্প পরিচালক, গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলীগণ এবং নির্বাহী স্থপতি।



"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" প্রকল্প পরিদর্শন করেন জনাব জিয়াউল হাসান এনডিসি, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়



"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" প্রকল্প পরিদর্শন করেন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আজম-ই-সাদাত এবং অন্যান্য কর্মকর্তাগণ

## খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপন প্রকল্প

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প |
| প্রকল্পের অনুমোদিত ব্যয় | : | ৪১২০০.০০ লক্ষ টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | জানুয়ারি ২০২০ - ডিসেম্বর ২০২৩ |
| প্রকল্পের এলাকা | : | বরিশাল সদর উপজেলাধীন দক্ষিণ চরআইচা মৌজা, বরিশাল। |
| জুন ২০২২ পর্যন্ত অগ্রগতি | : | আর্থিক অগ্রগতি: ১২%<br>ভৌত অগ্রগতি : ১২.৬৩% |



মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে প্রশাসনিক মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর ও প্রকল্প পরিচালকের সমন্বয়ে একটি টিম কর্তৃক "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপন" প্রকল্প স্থান পরিদর্শন

## গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন প্রকল্প

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | : | “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন” শীর্ষক প্রকল্প |
| প্রকল্পের অনুমোদিত ব্যয় | : | ৪১৭৬৫.০০ লক্ষ টাকা |
| প্রকল্পের মেয়াদ | : | জুলাই ২০২১ - জুন ২০২৪ |
| প্রকল্পের এলাকা | : | রংপুর সদর উপজেলাধীন দেবীপুর ও গঙ্গাহরি মৌজা, রংপুর। |
| জুন ২০২২ পর্যন্ত অগ্রগতি | : | আর্থিক অগ্রগতি: ২.০৮%<br>ভৌত অগ্রগতি: ২.৩৮% |






"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্পের সাইট পরিদর্শন
এবং রংপুর জেলা প্রশাসক ও রংপুর স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালকের সৌজন্য সাক্ষাৎ

## (ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, খুলনা স্থাপন শীর্ষক প্রকল্প

খুলনা বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, খুলনা স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি গত ২২/০২/২০২২ তারিখে একনেক সভায় শর্তসাপেক্ষে অনুমোদিত হয়েছে। প্রস্তাবিত জমি বরাদ্দের বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাধ্যমে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে।





খুলনা বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে মাননীয় সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এর নেতৃত্বে জমি পরিদর্শন করেন নভোথিয়েটারের মহাপরিচালক মহোদয় ও কারিগরি বিশেষজ্ঞ কমিটি এবং জেলা প্রশাসক ও গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাগণ

## (ঙ) চট্টগ্রাম, সিলেট এবং ময়মনসিং বিভাগে নভোথিয়েটার স্থাপন

গত ২২/০২/২০২২ তারিখে একনেক সভার সিদ্ধান্ত ছিল, "দেশের সকল বিভাগ/জেলায় নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে বৃহৎ পরিসরে একটি প্রকল্প গঠনের উদ্যোগ নিতে হবে।"

সে মোতাবেক চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিং বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে বৃহৎ পরিসরে একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

# অধ্যায়-০৫
# নভোথিয়েটারের অন্যান্য সেবাসমূহ

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সিটিজেন্‌স চার্টার




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সিটিজেন্‌স চার্টার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার তার সেবা গ্রহীতাদের সকল ধরনের সেবা প্রদানে সদা সচেষ্ট। সেবাগ্রহীতাগণ কি ধরণের সেবা পাবেন তার সচিত্র বর্ণনা প্রদর্শন করা হয়েছে।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ওয়েবপোর্টাল

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের অন্তর্গত। এই তথ্য বাতায়ন সরকার কর্তৃক নির্দেশনার আলোকে হালনাগাদ করা হয়। ওয়েবসাইট লিংক: www.novotheatre.gov.bd

## নভোথিয়েটারের ই-টিকেটিং সেবা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে অনলাইনে টিকেট সংগ্রহের ব্যবস্থা রয়েছে। ই-টিকেটিং এর ওয়েবসাইট লিংক: www.sobticket.com




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অনলাইন টিকেট ব্যবস্থা (ই-টিকেট)




অগ্রিম টিকেট ক্রয় করার জন্য অনলাইন আবেদন

## PMIS ও IAMS

নভোথিয়েটারে পার্সোনেল ম্যানেজমেন্ট ইনভেন্টরি সিস্টেম (PMIS) রয়েছে। এতে নভোথিয়েটারের সকল কর্মকর্তা-কর্মচারিদের দাপ্তরিক সকল তথ্য রয়েছে। এতে সকলের তথ্য সহজেই জানা যাচ্ছে। তার বেতন-ভাতাদি, ছুটি, কর্ম অভিজ্ঞতা, ট্রেনিং এবং একাডেমিক যোগ্যতা সকল তথ্য এতে প্রাপ্তির সুবিদাধি রয়েছে।

এছাড়া নভোথিয়েটারে একটি এসেট ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম (IAMS) রয়েছে। এর মাধ্যমে অনলাইন রিকুজিশন দাখিল করা যায়। ফলে কর্মকর্তা-কর্মচারীগণ তাদের চাহিদা ও প্রাপ্যতা মোতাবেক অনলাইনে সরঞ্জামাদির রিকুজিশন দাখিল করতে পারেন। স্টোরে সংগ্রহ এবং সংরক্ষিত সরঞ্জামাদির তথ্য সম্পর্কে সহজে জানা যায়। এর মাধ্যমে দ্রুত সময়ে কাজ সম্পাদন করা সম্ভব হচ্ছে। PMIS ও IAMS এর লিংক:
http://202.191.121.20/devtest/novotheatre/pmis_asset_management/login

## নভোথিয়েটারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)

নভোথিয়েটারের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর মাধ্যমে অনলাইনে সেবা গ্রহিতাগণ তাদের অভিযোগ দাখিল করতে পারেন এবং নির্দিষ্ট সময়ে তা সমাধান করা হয়।

## নভো ক্যাফেটেরিয়া




নভো ক্যাফেটেরিয়া

নভোথিয়েটারে স্বাস্থ্যসম্মত খাবার সমৃদ্ধ একটি ফুড কোর্ট রয়েছে। এখানে দর্শনার্থীরা বিভিন্ন ধরনের খাবার গ্রহণের সুযোগ পেয়ে থাকেন।

## পার্কিং ব্যবস্থা




কোভিড পরবর্তী সময়ে আগত দর্শনার্থীদের গাড়ি পার্কিং এর জন্য আন্ডারগ্রাউন্ড পার্কিং উদ্বোধন করা হয়

নভোথিয়েটারে ৬৬টি গাড়ি পার্কিং এর সুবিধাসহ পার্কিং এরিয়া রয়েছে। নির্দিষ্ট ভাড়া পরিশোধ সাপেক্ষে এই সুযোগ গ্রহণ করা যায়।

## শিক্ষার্থীদের বিআরটিসি বাসের মাধ্যমে আনা-নেয়ার সুবিধা

স্কুল কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে শিক্ষার্থীদের বিআরটিসি বাসে করে নভোথিয়েটারে আনা-নেয়ার সুবিধা প্রদান করা হয়।

## নভোথিয়েটারের বিভিন্ন স্থাপনার ভাড়া সংক্রান্ত তথ্য

নভোথিয়েটারে রয়েছে ১৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম, ৫০ আসন বিশিষ্ট কনফারেন্স রুম, আন্ডারগ্রাউন্ড পার্কিং, উন্মুক্ত খালি জায়গা যা সরকার নির্ধারিত হারে ভাড়া প্রদান করা হয় (শর্ত প্রযোজ্য)।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের অডিটোরিয়াম, কনফারেন্স রুম ভাড়ার তালিকা:

| ক্রমিক নং | বিবরণ | ধারণ ক্ষমতা | ভাড়া (৯টা-৫টা) |
|---|---|---|---|
| ১. | অডিটোরিয়াম (মিলনায়তন) | ১৫০ | ৩০,০০০/- (শর্ত প্রযোজ্য) |
| ২. | কনফারেন্স রুম | ৫০ | ২০,০০০/- (শর্ত প্রযোজ্য) |
| ৩. | গাড়ি পার্কিং | ৬৬ | মাইক্রোবাস ৫০/-, কার-৫০/-, মোটর সাইকেল-৩০/- সময় প্রতি ৩ ঘন্টার জন্য (পরবর্তী প্রতি ঘণ্টার জন্য ২০/-) |


শর্ত প্রযোজ্য: নির্ধারিত সময়ের অতিরিক্ত প্রতি ঘন্টায় সংশ্লিষ্ট স্থানের জন্য প্রযোজ্য দৈনিক ভাড়ার (৯টা-৫টা) আনুপাতিক হারে অতিরিক্ত ভাড়া প্রযোজ্য হবে। (ভ্যাট ও ট্যাক্স সরকার নির্ধারিত হারে প্রযোজ্য)

## নভোথিয়েটারের আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

(লক্ষ টাকায়)

| অর্থবছর | মোট আয় | মোট ব্যয় | উদ্বৃত্ত | মোট দর্শনার্থী (জন) |
|---|---|---|---|---|
| ২০১১-২০১২ | ৩৮৪.০৭ | ১৭৬.০৬ | ২০৮.০১ | ২,৩৯,২১৬ |
| ২০১২-২০১৩ | ৩২০.৭৪ | ২১২.৪৩ | ১০৮.৩১ | ২,২০,৫২৮ |
| ২০১৩-২০১৪ | ৩৭৭.৫৬ | ৩৫৫.৬৪ | ২১.৯২ | ১,৭৯,৬২৬ |
| ২০১৪-২০১৫ | ৮৭৮.০০ | ৭৬৭.৭৫ | ১১০.২৫ | ২,১৬,১৮২ |
| ২০১৫-২০১৬ | ৫২৭.১০ | ৩৩৬.৩৫ | ১৯০.৭৫ | ২,৯৫,৯১১ |
| ২০১৬-২০১৭ | ৬৯০.৪৮ | ৫৯১.০০ | ৯৯.৪৮ | ২,৭৯,২৪৩ |
| ২০১৭.২০১৮ | ৭৬৬.৭৭ | ৬৮৫.৬৭ | ৮১.১০ | ২,৭২,৫৪৪ |
| ২০১৮-২০১৯ | ৭৬৮.৯৯ | ৬২৮.৪৮ | ১৪০.৫১ | ২,৫৩,৮০৩ |
| ২০১৯-২০২০ | ৭১৮.৭৪ | ৫৪৩.৭৭ | ১৭৪.৯৭ | ১,৬৩,৭৮৫ |
| ২০২০-২০২১ | ৭১৬.০০ | ৬০৭.৪৫ | ১০৮.৫৫ | ১,৪৫,০০০ |
| ২০২১-২০২২ | ৬৬৫.০০ | ৫৮৬.৬৭ | ৭৮.৩৩ | ১,৩০,৬৭৯ |

## নভোথিয়েটারের আয়-ব্যয় সংক্রান্ত গ্রাফ



# অধ্যায়-০৬

## স্মৃতির পাতা







মহাকাশ বিষয়ক দুটি নতুন ডিজিটাল ফিল্ম উদ্বোধন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জিয়াউল হাসান এনডিসি, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং সভাপতি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আব্দুর রাজ্জাক







জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কর্তৃক বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান







জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২-তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কর্তৃক বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে আলোচনা সভায় শিশুদের সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ



রেসকোর্স ময়দানে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণে পাকিস্তানী দোসরদের প্রতি জাতির পিতার উঁচু তর্জনীর হুংকার




ঐতিহাসিক ৭ই মার্চের তাৎপর্যের উপর বিশেষ আলোচনা সভায় বক্তব্য দিচ্ছেন
প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন প্রকল্প





২৬শে মার্চ উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার পরিদর্শন করেন বিজ্ঞান ও
প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ তৌহিদ হাসানাত খান ও তার পরিবার



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার পরিদর্শন করেন মানবাধিকার কমিশনের চেয়ারম্যান জনাব নাছিমা বেগম এবং
তার সাথে উপস্থিত রয়েছেন নভোথিয়েটারের মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তাগণ





“Searching New Exhibits for Novotheatre”
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণে দিনব্যাপী কর্মাশালা



"বিজ্ঞান মনষ্ক জাতি গঠনে নভোথিয়েটার" শীর্ষক কর্মশালা




"Artificial Intelligence-এর প্রয়োগ ও চ্যালেঞ্জসমূহ" বিষয়ে ইন হাউজ প্রশিক্ষণ দিচ্ছেন মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার







মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের নেতৃত্বে মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ



বিজয়ের ৫০ বছর পূর্তি






শেখ রাসেল দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত আলোচনা সভা



শেখ রাসেল দিবসে প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপন প্রকল্পের নেতৃত্বে শ্রদ্ধা নিবেদন করছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকার্তা-কর্মচারীগণ



শেখ রাসেল দিবসে সরকারি শিশু পরিবারের নিবাসীদের পুরস্কার তুলে দিচ্ছেন
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান




ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজির উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করেন
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা ও কর্মচারীগণ







স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নভোথিয়েটারে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের একাংশ





জাতীয় শোক দিবসের কর্মসূচি




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে জাতীয় শোক দিবসে শ্রদ্ধার্ঘ নিবেদন





নভোথিয়েটারের সেবার মান উন্নয়নের লক্ষ্য কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করেন
নভোথিয়েটারের পরিচালক জনাব নায়মা ইয়াসমীন





বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্রচার কার্যক্রম, শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধকরণ এবং
পারমাণবিক শক্তির গুরুত্ব বোঝাতে নভোথিয়েটার ও পরমাণু শক্তি তথ্য কেন্দ্রের যৌথ কার্যক্রম





সেবা প্রদান বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভা



মহাপরিচালক মহোদয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২১-২০২২ প্রাপ্ত হওয়ায় নভোথিয়েটারের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন



নভোথিয়েটারের নান্দনিক ফোয়ারা



৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের অবহিতকরণে দিনব্যাপী কর্মশালা





"পারমানবিক বিদ্যুতের ব্যবহার ও বাংলাদেশের অর্থনীতি" শীর্ষক বিষয়ের উপর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে লার্নিং সেশনের একাংশ




বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় শুদ্ধাচার ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ সহায়ক বিষয়ে উদ্বুদ্ধকরণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মুনীর চৌধুরী, মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর




পদ্মা সেতুঃ বাঙ্গালীর গর্ব




পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষ্যে নভোথিয়েটারের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন




যোগাযোগ

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫

**www.novotheatre.gov.bd**